

## প্রেস বিজ্ঞপ্তি


বিনাইদহ, ২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি. সোমবার

মুক্তিযুদ্ধের চেতনায় উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা এবং বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে কোটচাঁদপুর উপজেলাধীন বড় বামনদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়। কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ'র সভাপতিত্বে অনুষ্ঠিত মহিলা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান মোছাঃ শরিফুন্নেছা (মিকি)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার মোঃ মাহবুবুর রহমান, কোটচাঁদপুর মডেল থানা অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার অসিত বরণ পাল।

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রেক্ষাপট, স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশের অর্জন এবং বিভিন্ন সামাজিক সমস্যা তথা বাল্যবিবাহ, আত্মহত্যা, সর্পদংশন ও পিতামাতার প্রতি দায়িত্ব-কর্তব্য তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন বিনাইদহ জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দিক।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান মোছাঃ শরিফুন্নেছা (মিকি) বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দীর্ঘ নয় মাসের একটি রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে এবং ত্রিশ লক্ষ শহীদের আত্মদান ও দুই লক্ষ মায়ের সন্তান বিসর্জনের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে। স্বাধীনতার পূর্বে এদেশে রাস্তাঘাট, স্কুল-কলেজ, স্বাস্থ্যসেবা প্রভৃতির অবস্থা ছিল অত্যন্ত নাজুক; সে সময় অনেকেই তিন বেলা খেতে পেতেনা। বাংলাদেশ স্বাধীনতা লাভের পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ গড়ার কাজে হাত দেন। কিন্তু ১৯৭৫ সালে জাতির পিতাকে প্রায় সপরিবারে হত্যা করে সেই অগ্রযাত্রাকে থমকে দেয়া হয়। পরবর্তীতে জননেত্রী শেখ হাসিনা দেশ পরিচালনার দায়িত্ব গ্রহণের পর দেশকে তিনি মুক্তিযুদ্ধের চেতনায় উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তোলার কাজে আত্মনিয়োগ করেন। এই সরকারের দায়িত্বপালনকালে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ সকল ক্ষেত্রে ঈর্ষণীয় সাফল্য অর্জন করেছে। প্রধান অতিথি দেশের উন্নয়নে প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে বিশদ আলোচনা করেন। তিনি দেশের উন্নয়নে বাল্যবিবাহ, যৌতুক, মাদক, আত্মহত্যা ও নারী নির্যাতন প্রতিরোধে সকলকে সোচ্চার ভূমিকা রাখার আহবান জানান।

এ মহিলা সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

  
মো: আবুবকর সিদ্দিক

তথ্য অফিসার  
জেলা তথ্য অফিস, বিনাইদহ

☎: ০২৪৭৭৭-৪৬১০২

ইমেইল: jhenaidahdio@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণযোগাযোগ অধিদপ্তর

জেলা তথ্য অফিস

বিনাইদহ।

স্মারক নং- ১৫.৫৬.৪৪০০.০৭৯.১৬.০০২.২১.২৭৪

তারিখ: ২৬/০৯/২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।

০২। সম্পাদক/বার্তা সম্পাদক, দৈনিক নবচিত্র/দৈনিক এই আমার দেশ/দৈনিক নওয়াপাড়া/মেহেরপুর প্রতিদিন/দৈনিক কল্যাণ/দৈনিক সত্যপাঠ/গ্রামেরকণ্ঠ/প্রতিদিনের কথা/দৈনিক পশ্চিমাঞ্চল/দৈনিক যশোর/দৈনিক স্পন্দন, আপনার বহল প্রচারিত দৈনিকে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৩। অফিস কপি।

  
মো: আবুবকর সিদ্দিক  
তথ্য অফিসার